মূল

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৫(১)/২০২৩-২০২৪/১৯ তারিখ ঃ ০৫-০৭-২০২৩

০১। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমুহ
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের নতুন নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের নমুনা স্বাক্ষর মুদ্রণ ও সরবরাহ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

১২-০৮-২০০৮ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৩০৯ তম সভার সিদ্ধান্ত মোতাবেক ইতোমধ্যে নমুনা স্বাক্ষর বই ভলিউম- ০১,০২,০৩,০৪ এবং ০৫ মুদ্রনপূর্বক সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয় এ সরবরাহ করা হয়েছে। উক্ত কমিটির ০২নং সিদ্ধান্ত মোতাবেক নতুনভাবে নিয়োগপ্রাপ্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর নতুনভাবে স্টীকার আকারে মুদ্রন করা হয়েছে।

০২। নতুনভাবে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর পূর্বে সরবরাহকৃত নমুনা স্বাক্ষর বই ভলিউম-০৫ এর ক্রমিক নং-৮২৭০ এর পর ধারাবাহিকভাবে সংযোজন করতে হবে। নমুনা স্বাক্ষর বই ভলিউম-০৫ এ সংরক্ষন ও ব্যবহারের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। **আগামী ১০-০৮-২০২৩ তারিখের মধ্যে** শাখাসমুহে সংরক্ষিত নুমনা স্বাক্ষর বই ভলিউম-০৫ এর সাথে সংযোজনের জন্য নতুনভাবে স্টীকার আকারে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর পৌঁছানোর লক্ষ্যে বিভাগীয় কার্যালয়সমুহ তাদের অধিনস্থ কর্পোরেট শাখা/ শাখাসমুহের জন্য বরাদ্দকৃত নমুনা স্বাক্ষরসমুহ তাঁর কার্যালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে প্রকিউরমেন্ট বিভাগ হতে সংগ্রহপূর্বক শাখাসমূহে (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) বিতরণ করতে হবে।

০৩। কেন্দ্রীয় হিসাব বিভাগ ও ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা সরাসরি প্রকিউরমেন্ট বিভাগ হতে নতুনভাবে স্টীকার আকারে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর সংগ্রহ করবে।

০৪। প্রকিউরমেন্ট বিভাগ কর্তৃক নমুনা স্বাক্ষর বিতরণের সুবিধার্থে সংযুক্তি-ক তে অঞ্চল ও মুখ্য অঞ্চলের নামের পার্শ্বে শাখার সংখ্যা প্রদর্শিত হলো।

০৫। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়সমুহ হতে নতুনভাবে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর সংগ্রহপূর্বক মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিজ নিজ অঞ্চলাধীন শাখাসমূহে বিতরণ করে শাখাগুলির প্রাপ্তিস্বীকারপত্র স্ব স্ব কার্যালয়ে সংরক্ষনপূর্বক অপর পৃষ্ঠায় মুদ্রিত ছক অনুযায়ী শাখাসমূহে উল্লেখিত নমুনা স্বাক্ষর এর বন্টন ও প্রাপ্তিস্বীকারের নিয়শ্চতাপত্র অত্র বিভাগে প্রেরণের অনুরোধ করে পত্র দেয়া যেতে পারে। কর্পোরেট শাখাসমূহকে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে নতুনভাবে স্টীকার আকারে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষরের প্রাপ্তি স্বীকারপত্র সরাসরি অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা যেতে পারে ।

০৬। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ ও ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, এবং উপ-মহাব্যবস্থাপক (সাধারণ ব্যাংকিং), স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা নতুনভাবে স্টীকার আকারে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষরের প্রাপ্তি স্বীকারপত্র সরাসরি অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা যেতে পারে ।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০১(এক)টি।

০৫.০৭.২৩
(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৫(১)/ ২০২৩-২০২৪/১৯ তারিখ ঃ ০৫-০৭-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২ ও ৩ মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ,স্টাফ কলেজ,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। মুদ্রিত নমুনা স্বাক্ষর সমুহ মাঠ পর্যায় থেকে মনোনীত কর্মকর্তার নিকট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

০৫/০৭/২০২৩
(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক

F/Altaf/Signacer.doc

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
------------------------ ।

সূত্র নং --------------                                                                                    তারিখ ঃ------------------

উপ-মহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের নতুন নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের নমুনা স্বাক্ষর মুদ্রণ ও সরবরাহ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

এ মর্মে প্রত্যায়ন করা যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা এর পত্র নং-প্রকা/শানিব্যউবি-৫(১)/২০২৩-২০২৪/১৯ তারিখ ০৫-০৭-২০২৩ এর নির্দেশনা অনুযায়ী প্রকিউরমেন্ট বিভাগ,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা হতে নমুনা স্বাক্ষর বই ভলিউম-৫ এর সাথে সংযোজনের নিমিত্ত নতুনভাবে স্টীকার আকারে মুদ্রিত ৩৭৪ জন কর্মকর্তার নমুনা স্বাক্ষর সংগ্রহ পূর্বক অত্র অঞ্চলাধীন শাখাসমূহে বিতরণ করে শাখাগুলির প্রাপ্তিস্বীকারপত্র অত্র কার্যালয়ে সংরক্ষিত আছে।

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চরিক/আঞ্চলিক কার্যালয়
-------------------------

F/Altaf/Signacer.doc